

সিটিজেন চার্টার

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্যনিষ্পত্তি সর্বোচ্চ সময়	সেবা প্রদানের কর্তৃপক্ষ
১.	গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ	উপকারভোগী জনগণ/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ	উপজেলা অন্তর্গত উপজেলা সড়ক ও ইউনিয়ন সড়কের বাস্তব অবস্থা, যানবাহন চলাচলের সংখ্যা এবং সড়কের সেতু/কালভার্ট এর অবস্থা পর্যবেক্ষণ করে উপজেলা ডাটাবেজ হালনাগাদ করে উপজেলা প্রকৌশলী জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রেরন করবে। নির্বাহী প্রকৌশলী তার আওতাধীন সকল উপজেলার ডাটাবেজ হালনাগাদ করে আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী অফিসে প্রেরন করবে। সদর দপ্তর রক্ষণাবেক্ষণ ইউনিট প্রাপ্ত হালনাগাদ ডাটাবেজের আলোকে সফটওয়্যারের সাহায্যে জেলাওয়ারী রক্ষণাবেক্ষণচাহিদা নিরূপন করবে এবং সাথে সাথে প্রাথমিক স্কীম তালিকা প্রণয়ন করবে। সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর প্রাথমিক স্কীমগুলি উপজেলা প্রকৌশলীর মাধ্যমে সরেজমিনে যাচাই বাছাই করে সম্ভাব্য প্রাক্কলন প্রণয়ন করবে। জেলা রক্ষণাবেক্ষণ কমিটি জেলার বার্ষিক বরাদ্দকৃত বাজেট অনুযায়ী স্কীম তালিকা চূড়ান্ত করে বার্ষিক ক্রয় পরিকল্পনাতে (Annual Procurement plan) অন্তর্ভুক্ত করে অনুমোদনের জন্য আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবে- যা যাচাই বাছাই শেষে অনুমোদনের পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী দরপত্র আহবান করে রক্ষণাবেক্ষণ নির্দেশিকার আলোকে রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করবে।	সর্বোচ্চ ৬ মাস	১। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী ২। সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী ৩। সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী
২. ক্রয় কার্যক্রম					

ক.	বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement plan)	ঠিকাদার/সরবরাহকারী/ পরামর্শক ইত্যাদি	সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক DPP তে (ডিপিপি) প্রাক্কলিত মোট ক্রয় পরিকল্পনা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement plan) প্রণয়ন করতঃ প্রধান প্রকৌশলীর অনুমোদনের পর নোটিশ বোর্ড/এলজিইডি'র ওয়েব সাইটে প্রকাশ করেন এবং প্রকল্পের আওতাভুক্ত জেলার সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী উক্ত পরিকল্পনাটি নোটিশ বোর্ডে প্রকাশ করতঃ ৫০ লক্ষ টাকা মূল্যমানের বা তদুর্ধ্ব ভৌত সেবা বা বৃদ্ধি ভিত্তিক সেবা ক্রয়ের ক্ষেত্রে বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক উপজেলার ক্রয়কার্যক্রম শুরু করার ব্যবস্থা গ্রহণ করেন।		
খ.	বিজ্ঞাপন বা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ	ঠিকাদার/ সরবরাহকারী/ পরামর্শক/ আগ্রহী দরপত্রদাতা প্রতিষ্ঠান	পিপিআর-২০০৮ এর বিধি অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে।	পিপিআর-২০০৮ অনুযায়ী	-ঐ-
গ.	প্রাক-দরপত্র সভা আহবান	-ঐ-	দরপত্র দাতাগণের দরপত্র দলিল বা দরপত্র সংশ্লিষ্ট কোন প্রশ্ন বা ব্যখ্যা প্রদানের লক্ষ্যে প্রাক-দরপত্র সভা আহবান করা হয়ে থাকে। উক্ত সভার কার্যবিবরণী দরপত্র ক্রয়কারী সকল দরপত্রদাতাদের নিকট প্রদান করা হয়ে থাকে।	পিপিআর-২০০৮ অনুযায়ী	-ঐ-
ঘ.	দরপত্র সংক্রান্ত অভিযোগ দাখিল ও নিষ্পত্তিকরণ	-ঐ-	পিপিআর-২০০৮ এর বিধির আলোকে অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তিকরণ করা হয়।	পিপিআর-২০০৮ অনুযায়ী	-ঐ-

৩	জিআইএস ম্যাপ সরবরাহ।	সরকারী/ বে-সরকারী সংস্থা/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান।	উন্নয়ন মূলক কর্মকান্ডের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে অনুমোদিত ফি তালিকা অনুযায়ী ফি প্রদান করলে জেলা ও উপজেলা ম্যাপ সরবরাহ করা হয়ে থাকে।	৭ দিন	সহকারী প্রকৌশলী, জিআইএস ইউনিট, লেভেল-৪, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৪	অন্য কোন মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরের ডিপোজিট ওয়ার্ক বাস্তবায়ন।	অন্য কোন মন্ত্রণালয় বা বিভাগ বা দপ্তর বা স্বায়ত্বশাসিত সংস্থা।	অন্য কোন মন্ত্রণালয়, সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত সংস্থার অনুরোধের প্রেক্ষিতে সমঝোতা চুক্তি অনুযায়ী কাঠামোগত বা স্থাপত্য নকশা প্রণয়ন, ক্রয় কার্যক্রমসহ প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকে।	চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়	প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।